# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪৮৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৮০]

১১. কিতাবুল জুমআ বা জুমআ পর্ব (كتاب الجمعة)

পরিচ্ছেদঃ জুমআর দিন সুগন্ধি ব্যবহার করা

باب الطِّيبِ لِلْجُمُعَةِ

---

আরবী

□□□ـ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ قَالَ: أَشْهَدُ عَلَى رَسُولِ اللَّهِ قَالَ الْغُسْلُ يَوْمَ الْجُمُعَةِ وَاجِبٌ عَلَى كُلِّ مُحْتَلِمٍ، وَأَنْ يَسْتَنَّ، وَأَنْ يَمَسَّ طِيبًا إِنْ وَجَدَ. (بخارى: □□□

বাংলা

৪৮৫) আবু সাঈদ খুদরী (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ঐ কথার উপর সাক্ষ্য দিচ্ছি যে, তিনি বলেছেন প্রত্যেক প্রাপ্তবয়স্ক লোকের উপর জুমআর দিন গোসল করা ওয়াজিব। অনুরূপভাবে মেসওয়াক করবে এবং সম্ভব হলে সুগন্ধি ব্যবহার করবে।

টিকাঃ এ হাদীছ দ্বারা বুঝা যায় জুমআর দিন গোসল করা ওয়াজিব। তবে অন্যান্য হাদীছ থেকে বুঝা যাচ্ছে জুমআর দিন গোসল করা ওয়াজিব নয়; বরং মুস্তাহাব। উভয় বর্ণনার মধ্যে সমন্বয় এভাবে করা হয়েছে যে, ইসলামের প্রথম যুগে সাহাবীগণ যখন ময়লা-আবর্জনা মিশ্রিত কাপড় পরিধান করে মসজিদে আসতেন তখন সূর্যের তাপে ও গরমে তাদের শরীর থেকে ঘাম ও দুর্গন্ধ বের হত। তাই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদেরকে গোসলের আদেশ দিয়েছিলেন। পরবর্তীতে তাদের অবস্থার উন্নতি হলে জুমআর দিন গোসল করার আবশ্যিকতা হালকা করে দেয়া হয়। ফলে অবস্থা ভেদে উভয় হুকুমই প্রনিধানযোগ্য।

## English

To perfume before going for the Friday (prayer)

Narrated Abu Sa`id:

I testify that Allah's Messenger (ﷺ) said, "The taking of a bath on Friday is compulsory for every male Muslim who has attained the age of puberty and (also) the cleaning of his teeth with Siwak, and the using of perfume if it is available."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89783

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন